গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ,সিরাজগঞ্জ।
ই-মেইলঃ serajganjmc@ac.dghs.gov.bd ফোন নং- ০২৫৮৭৭৫২০১২
ওয়েবসাইটঃ www.smmamc.gov.bd

স্মারক নং-৫৯.১৪.৮৮৭৮.১৫১.১১.০০১.২০২৪. ১১০০ তারিখঃ ০৬/০৮/২০২৪ইং।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ এ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নোক্ত শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত স্বাপেক্ষে http://smmamc.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। সরাসরি আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড, ও বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | পদের সংখ্যা | দরখাস্ত গ্রহণের জন্য নির্ধারিত শেষ তারিখে বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| ১ | মেডিকেল টেকনোলজিষ্ট (ফার্মেসী)<br>গ্রেড-১১<br>(১২৫০০ – ৩০২৩০) | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩০ বছর | সরকার স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি/ সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যুন ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স সম্পন্ন। |
| ২ | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাব)<br>গ্রেড-১১<br>(১২৫০০ – ৩০২৩০) | ০৬ (ছয়) টি | অনুর্ধ্ব ৩০ বছর | সরকার স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি/ সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যুন ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স সম্পন্ন। |
| ৩ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>(১১০০০ – ২৬৫৯০) | ০১ (এক) | অনুর্ধ্ব ৩০ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার মুদ্রাক্ষরে মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitue Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৪ | ষ্টেনোগ্রাফার (সাটলিপিকার) কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>(১১০০০ – ২৬৫৯০) | ০১ (এক) | অনুর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যায়ল হতে অন্যুন দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাটলিপি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। |
| ৫ | ষ্টেনোটাইপিষ্ট (সাটমুদ্রাক্ষরিক) কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>(১০২০০ – ২৪৬৮০) | ০১ (এক) | অনুর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যায়ল হতে অন্যুন দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাটলিপি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। |
| ৬ | সহকারী লাইব্রেরিয়ান<br>গ্রেড-১৪<br>(১০২০০ – ২৪৬৮০) | ০২ (দুই) | অনুর্ধ্ব ৩০ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যুন দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রি; খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন। |
| ৭ | ষ্টোর কিপার<br>গ্রেড-১৬<br>(৯৩০০ – ২২৪৯০) | ০১ (এক) | অনুর্ধ্ব ৩০ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার এমএস অফিস ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন।<br>গ) সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। |
| ৮ | অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(৯৩০০ – ২২৪৯০) | ০১ (এক) | অনুর্ধ্ব ৩০ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অনূন্য দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে ইংরেজি -২০ শব্দ<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে বাংলা -২০ শব্দ |
| ৯. | ডাটা এন্টি অপারেটর<br>গ্রেড-১৬<br>(৯৩০০ – ২২৪৯০) | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩০ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার এমএস অফিস ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন।<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে ইংরেজি -২০ শব্দ<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে বাংলা -২০ শব্দ |
| ১০. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(৮২৫০ – ২০০১০) | ০৯ (নয়) টি | অনুর্ধ্ব ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

০২. আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

(ক) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(খ) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০৮/০৮/২০২৪ ইং তারিখে বয়স ১৮-৩০ হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারিরীক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য নহে। এস.এস.সি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট এর ভিত্তিতে বয়স প্রমানিত হবে।

(গ) সরকারী, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে /অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতির কপি মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমাণক।

(চ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

(ছ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

**(জ) একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।**

(ঝ) উক্ত নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগী নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৮ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে নিয়োগের কমন বিধিমালা মোতাবেক লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিযোগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

(ঞ) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ট) প্রযোজ্য ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশ গ্রহন করতে পারবেন।

(ঠ) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(ড) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঢ) মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল **শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কোটার সনদ বা প্রমানপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ এবং পুরণকৃত Application Form সহ** আবেদনে দাখিলকৃত সকল সনদ ও প্রবেশপত্রসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভার বাসিন্দা সে ইউনিয়ন চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র দাখিল করতে হবে এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র কর্তৃক জারীকৃত প্রার্থীর নাম এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কেও সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

(ণ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য /জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোন পর্যায়ে যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ত) নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

(থ) অনুল্লেখিত বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজন্য হবে।

০৩. **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://smmamc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮/০৮/২০২৪ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৯/০৮/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নং ১ থেকে ২ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৩৫/- টাকাসহ মোট ৩৩৫/- (তিনশত পয়ত্রিশ) টাকা ও ৩ থেকে ৯ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ১০ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**SMS নিয়মাবলী:**

প্রথম SMS : **SMMAMC<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **SMMAMC ABCDEF** & send to 16222
Reply: Applicant's Name, TK-335/223/112 will be charged as application fee. Your PIN is 12345678.
To pay fee Type **SMMAMC** <Space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: **SMMAMC** <space>**Yes**<space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **SMMAMC Yes 12345678** & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for **SMMAMC** Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://smmamc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **SMMAMC** <space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: **SMMAMC** Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে **SMMAMC** <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: **SMMAMC** Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজের ওয়েবসাইট www.smmamc.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.smmamc.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **SMMAMC**, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। বাংলাদেশের সকল জেলার লোক উল্লেখিত সকল পদে আবেদন করতে পারবেন।

* Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

* অনালাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম হতে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৬.০৮.২৪

অধ্যাপক ডাঃ আমিরুল হোসেন চৌধুরী
অধ্যক্ষ
শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ
সিরাজগঞ্জ
ও
সভাপতি
জনবল নিয়োগ কমিটি।